বাজেট বিষয়ক
সর্বোচ্চ অগ্রাধিকার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য মন্ত্রণালয়
বাজেট-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.moi.gov.bd

নং-১৫.০০.০০০০.০১৬.২০.০২৫.১৭-১১০৩

তারিখ: ১০ বৈশাখ ১৪২৩ / ২৩ এপ্রিল ২০১৭

অর্থ বিভাগের বাজেট অনুবিভাগ-১ হতে প্রাপ্ত পরিপত্রের (কপি অপরপৃষ্ঠায় সংযুক্ত) প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

২৩/৪/২০১৭

(মো: রবিউল ইসলাম)
উপ-সচিব (বাজেট)
☎ ৯৫৫৫০১৮
E-mail: ds.budget@moi.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান সম্পাদক, বাংলাদেশ সংবাদ সংস্থা, ঢাকা।
০২। প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদফতর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন, ঢাকা।
০৪। মহাপরিচালক, বাংলাদেশ বেতার, ঢাকা।
০৫। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন কর্পোরেশন, ঢাকা।
০৬। সচিব, তথ্য কমিশন, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
০৭। মহাপরিচালক, জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট, ঢাকা।
০৮। মহাপরিচালক, গণযোগাযোগ অধিদপ্তর, ঢাকা।
০৯। মহাপরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর, ঢাকা।
১০। মহাপরিচালক, বাংলাদেশ ফিল্ম আর্কাইভ, ঢাকা।
১১। প্রধান নির্বাহী, বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউট, ঢাকা।
১২। মহাপরিচালক, বাংলাদেশ প্রেস ইনস্টিটিউট, ঢাকা।
১৩। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ সাংবাদিক কল্যাণ ট্রাস্ট, ৩, সার্কিট হাউজ রোড, ঢাকা।
১৪। সচিব, বাংলাদেশ প্রেস কাউন্সিল, ঢাকা।
১৫। ভাইস চেয়ারম্যান, বাংলাদেশ ফিল্ম সেন্সর বোর্ড, ঢাকা।
১৬। সকল অধিশাখা/শাখা প্রধান/পরিকল্পনা কোষ, তথ্য মন্ত্রণালয়, ঢাকা।

অপর পৃষ্ঠার দ্রষ্টব্য

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
www.mof.gov.bd
বাজেট অনুবিভাগ-১, শাখা-১

নং- ০৭.১০১.০১৮.০০.০০.০০৬.২০১৭-১৯২

তারিখঃ ২৩ চৈত্র ১৪২৩
০৬ এপ্রিল ২০১৭

পরিপত্র

বিষয়ঃ **"৬৩০০-অবসর ভাতা ও আনুতোষিক" খাতের বরাদ্দ সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের পরিবর্তে অর্থ বিভাগের বাজেটে প্রদর্শন ও হিসাবায়ন।**

বিভিন্ন মন্ত্রণালয়, বিভাগ এবং এর অধীনস্ত দপ্তরসমূহের অবসর ভাতা ও আনুতোষিকসহ সংশ্লিষ্ট ভাতা (উৎসব ভাতা, মহার্ঘ ভাতা, বাংলা নববর্ষ ভাতা, চিকিৎসা সুবিধা ইত্যাদি) বর্তমানে স্ব স্ব মন্ত্রণালয়ের বিপরীতে বরাদ্দ ও হিসাবায়ন করা হচ্ছে। সরকারি পেনশন পদ্ধতি সংস্কারের অংশ হিসেবে চলমান ২০১৬-১৭ অর্থবছরের সংশোধিত বাজেট হতে এ ব্যবস্থায় পরিবর্তন আনা হয়েছে, যার আওতায় "৬৩০০-অবসর ভাতা ও আনুতোষিক" সংশ্লিষ্ট সকল বরাদ্দ স্ব স্ব মন্ত্রণালয়ের বাজেটের পরিবর্তে অর্থ বিভাগের বাজেটে স্থানান্তর করা হয়েছে। তবে, প্রতিরক্ষা মন্ত্রণালয়ের অধীন প্রতিরক্ষা বাহিনীসমূহ, রেলপথ মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ রেলওয়ে এবং ডাক ও টেলিযোগাযোগ বিভাগের অধীন বাংলাদেশ ডাক বিভাগের কর্মচারীগণের অবসর ভাতা ও আনুতোষিক খাতে বরাদ্দ পূর্বের ন্যায় সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের আওতায় আলাদাভাবে দেয়া হয়েছে।

২। পরিবর্তিত এ ব্যবস্থা শুধুমাত্র পেনশনের বাজেট এবং এ বাজেটের বিপরীতে হিসাবায়নের ক্ষেত্রে পরিবর্তন আনবে। অবসরোত্তর ছুটিকালীন বেতন ও অন্যান্য ভাতা, লাম্প গ্রান্ট ইত্যাদি পূর্বের ন্যায় স্ব স্ব মন্ত্রণালয় ও দপ্তরের বেতন-ভাতা খাতের বরাদ্দ হতে নির্বাহ করা হবে। একিভাবে পেনশনের প্রশাসনিক মঞ্জুরি সংক্রান্ত সকল দায়িত্ব স্ব স্ব প্রশাসনিক মন্ত্রণালয় ও এর অধীনস্ত দপ্তরসমূহ পূর্বের ন্যায় সম্পাদন করবে।

৩। হিসাবরক্ষণ অফিসসমূহ হতে '৬৩০০-অবসর ভাতা ও আনুতোষিক' সংশ্লিষ্ট কোডসমূহের বিল/দাবীর ব্যয় নির্বাহের ক্ষেত্রে এখন থেকে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের পরিবর্তে অর্থ বিভাগের ১৩ ডিজিটের কোড নিম্নরূপভাবে ব্যবহার করে করতে হবেঃ

কোড লেভেল	কোড নম্বর	মন্তব্য
১-সাংবিধানিক কোড	৩	সংযুক্ত তহবিল অনুন্নয়ন-অন্যান্য ব্যয়
২-প্রাতিষ্ঠানিক কোড	০৯২১	অর্থ বিভাগ-অবসর ভাতা ব্যবস্থাপনা
৩-পরিচালন কোড	০০XX	প্রথম দুই ডিজিট শূন্য ও পরের দুই ডিজিট মন্ত্রণালয়/বিভাগ কোড (যেমন খাদ্য মন্ত্রণালয় বা খাদ্য অধিদপ্তরের কর্মচারির ক্ষেত্রে ০০৪৮)
৪-অর্থনৈতিক কোড	XXXX	সংশ্লিষ্ট অর্থনৈতিক কোড (যেমন আনুতোষিকের জন্য ৬৩১১, অবসর ভাতা বা পারিবারিক অবসর ভাতার জন্য ৬৩০১ ইত্যাদি)

০৪। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

(মোহাম্মদ মুসলিম চৌধুরী)
অতিরিক্ত সচিব
☎ ৯৫১১০৫০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা